

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৫৫৩

আগরতলা, ১১ জানুয়ারি, ২০২৪

বিধানসভা সংবাদ

**বৃষ্টির জলকে সংরক্ষণ করে পানীয়জল হিসেবে
সরবরাত্রের জন্য উদ্যোগ নেওয়া হয়েছে : মুখ্যমন্ত্রী**

বৃষ্টির জলকে সংরক্ষণ করে পানীয়জল হিসেবে সরবরাত্রের জন্য বর্তমানে পানীয়জল ও স্বাস্থ্যবিধান দপ্তর জল জীবন মিশন প্রকল্পের মাধ্যমে রাজ্যের পাহাড়ী অঞ্চলের জন্য একটি বিশেষ উদ্যোগ হাতে নিয়েছে। আজ রাজ্য বিধানসভায় বিধায়ক রামপদ জমাতিয়ার এক প্রশ়্নের লিখিত উত্তরে জল সম্পদ দপ্তর তথা মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা এই তথ্য জানিয়েছেন। তিনি জানান, রাজ্যের যে সমস্ত পাহাড়ী অঞ্চলে ভূগর্ভস্থ জলের স্তর নেই বা সকল আবহাওয়ায় যান চলাচলের সু ব্যবস্থা এখনও হয়ে ওঠেনি সেখানেই এই ইনোভেটিভ প্রকল্পগুলি স্থাপন করা হচ্ছে। কিছু পাহাড়ী অঞ্চলে বৃষ্টির জল দ্বারা পরিপূর্ণ স্বাভাবিক জলাধার আছে এবং কিছু জায়গায় বৃষ্টির জলকে সংরক্ষিত করে রাখার জন্য জলাধার তৈরী করা হয়েছে বা হচ্ছে। সেই সমস্ত জলাধারকে কেন্দ্র করে ইনোভেটিভ প্রকল্প স্থাপনের মাধ্যমে পাহাড়ী অঞ্চলের বাড়িগুলিতে পানীয়জল সরবরাহ করা হচ্ছে এবং আরও কিছু ইনোভেটিভ প্রকল্পের কাজ দ্রুত গতিতে চলছে যা ২০২৪ সালে শেষ হবে বলে আশা করা হচ্ছে।
